

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮১৬

كتاب الجهاد) जिशेष (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/২০. বড় পতাকা ও ক্ষুদ্র পতাকা

بَابِ الرَّايَاتِ وَالْأَلْوِيَةِ

আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ عَاصِمٍ، عَنِ الْحَارِثِ بْنِ حَسَّانَ، قَالَ قَدِمْتُ الْمَدِينَةَ فَرَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم قَائِمًا عَلَى الْمِنْبَرِ وَبِلاَلٌ قَائِمٌ بَيْنَ يَدَيْهِ مُتَقَلِّدٌ سَيْفًا وَإِذَا رَايَةٌ سَوْدَاءُ فَقُلْتُ مَنْ هَذَا قَالُوا هَذَا عَمْرُو بْنُ الْعَاصِ قَدِمَ مِنْ غَزَاةٍ .

বাংলা

১/২৮১৬। হারিস ইবনে হাসসান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি মদীনায় পৌঁছে দেখলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারের উপর দাঁড়িয়ে আছেন এবং বিলাল (রাঃ) তার গলায় তরবারি ঝুলিয়ে তাঁর সামনে দন্তায়মান। আরও ছিল একটি কালো পতাকা। আমি বললাম, এই লোক কে? লোকেরা বললো, আমর ইবনুল আস (রাঃ)। তিনি একটি যুদ্ধ থেকে ফিরে এসেছেন।

English

It was narrated that Harith bin Hassan said:

"I came to Al-Madinah and saw the Prophet (ﷺ) standing on the pulpit, and Bilal standing in front of him, with his sword by his side, and (I saw) a black flag. I said: 'Who is this?' He said: 'This is 'Amr bin 'As, who has just come back from a campaign.'"

ফুটনোট

তিরমিয়ী ৩২৭৩, সহীহাহ ২১০০।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আসিম বিন আবদুল আযীয় বিন আসিম সম্পর্কে আবু বাকর



আল-বায়হাকী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। আবু যুরআহ আর-রাযী, ইমাম দারাকুতনী ও আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী তারা সকলে বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। মুহাম্মাদ ইবনুল মুসান্না তাকে সিকাহ বলেছেন। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০১৩, ১৩/৪৯৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন